তারিখ 7/10/78 পৃষ্ঠা 1 কলাম 7

# দৈনিক বাংলা

133



## আকবরউদ্দীনের ইন্তেকাল

(স্টাফ রিপোর্টার)

প্রবীণ সাহিত্যিক ও সাংবাদিক জনাব আকবরউদ্দীন গতকাল শুক্রবার বিকেল চারটায় পিজি হাসপাতালে ইন্তেকাল করেছেন। (ইন্নালিল্লাহে ........রাজেউন।) মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৪ বছর। তিনি ক্যান্সার রোগে আক্রান্ত হয়েছিলেন। আজ শনিবার সকাল নটায় ঢাকা বিশ্ববিদ্যালয় মসজিদে তাঁর জানাজা অনুষ্ঠিত হবে। পরে আজিমপুর গোরস্থানে তাঁর লাশ দাফন করা হবে। মৃত্যুকালে তিনি ৪ ছেলে, ৪ মেয়ে ও বহু আত্মীয়স্বজন রেখে গেছেন।

মরহুম আকবরউদ্দীন পশ্চিমবঙ্গের কৃষ্ণনগরে জন্ম গ্রহণ করেন। শিক্ষা জীবন সমাপ্তির পর তিনি শিক্ষক হিসেবে কর্মজীবন শুরু করলেও কৃষ্ণনগর জর্জ কোর্টে তিনি দীর্ঘকাল অনুবাদকের চাকরি করেন। দেশ ভাগের পর ১৯৪৯ সন থেকে ১৯৫৬ সাল পর্যন্ত তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহকারী রেজিস্ট্রার ছিলেন। এরপর তিনি ইউসিসে চাকরি করেন ১৯৬৬ সন পর্যন্ত।

(শেষ পাতা ৮-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃঃ পর)

সাংবাদিক হিসেবে তাঁর কর্মজীবন শুরু কলকাতার দৈনিক আজাদ পত্রিকায়। এরপর তিনি কলকাতার দৈনিক 'পশ্চিমবঙ্গ' ও ঢাকায় দৈনিক আজাদেও বেশ কিছুকাল সাংবাদিকতা করেন।

বিভাগ পূর্বকাল থেকেই জনাব আকবরউদ্দীন নাট্যকার, প্রাবন্ধিক, ঔপন্যাসিক ও অনুবাদক হিসেবে খ্যাতি লাভ করেছেন। সাহিত্যে বিশেষ অবদানের জন্য তিনি বাংলা একাডেমী পুরস্কার সহ এদেশের একাধিক সাহিত্য পুরস্কার ও সম্মান লাভ করেছেন।

মোহাম্মদ আলী জিন্নাহর জীবনী রচনা তাঁর একটি প্রধান কাজ। তিনি দস্তয়ভস্কির 'ক্রাইম এন্ড পানিশমেন্ট' বইটিরও অনুবাদ করেছেন। মৌলিক ও অনুবাদ মিলিয়ে তাঁর উল্লেখযোগ্য বইয়ের সংখ্যা প্রায় ১৫টি।